



ধর্মীয় অনুভূতি ও ব্যক্তিগত তথ্যের অপব্যবহারের অভিযোগ: মাহদী আমিন



সংগৃহীত ছবি

নির্বাচনী প্রচারাে ধর্মীয় অনুভূতি কাজে লাগানো হচ্ছে বলে অভিযোগ করেছেন বিএনপির নির্বাচন পরিচালনা কমিটির মুখপাত্র মাহদী আমিন। পাশাপাশি ব্যক্তিগত তথ্য অপব্যবহারের আশঙ্কা তুলে তিনি নির্বাচন কমিশনের হস্তক্ষেপ চান।

সোমবার (২৬ জানুয়ারি) গুলশানে বিএনপির কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কার্যালয়ে সংবাদ সম্মেলনে তিনি এ মন্তব্য করেন। তার দাবি, ধর্মের অপব্যাখ্যা দিয়ে ভোট প্রভাবিত করার চেষ্টা সূষ্ঠা নির্বাচনী পরিবেশকে ক্ষতিগ্রস্ত করছে।

মাহদী আমিন আরও বলেন, ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে জালভোট বা প্রতারণার মতো অনিয়মের ঝুঁকি রয়েছে। এসব বেআইনি তৎপরতা দ্রুত বন্ধে কমিশনের কার্যকর পদক্ষেপ প্রয়োজন।

এ সময় তিনি আনসার-ভিডিপি সদস্যদের নিজ খানার বাইরে দায়িত্ব দেওয়ার প্রস্তাব দেন, যাতে নিরপেক্ষতা বজায় থাকে। একই অনুষ্ঠানে বিএনপির মিডিয়া সেলের আহ্বায়ক ড. মওদুদ আলমগীর পাভেল জানান, নির্বাচনকে কেন্দ্র করে কোনো সংঘাতকে বিএনপি সমর্থন করে না।